# ৭ম কার্যনির্বাহী সভায় আলোচনা সমূহ ও সিদ্ধান্ত

তারিখঃ ১২-০২-২০২৫ইং

মিটিং এর মাধ্যম: অনলাইন (জুম মিটিং)

সূত্রঃ (২০২৪-২০২৭) কার্যনির্বাহী সভা/০০৭

উপস্থাপক এবং পরিচালনায় : আসলাম পারভেজ মিঠু, মহাসচিব,

কোরআন তেলাওয়াত করেন তারিক সিরাজ (সাংস্কিতিক সচিব)

সভায় সভাপত্বি করেন সভপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ।

- মহাসচিব আসলাম পারভেজ মিঠু সভাপতি এর অনুমতিক্রমে মিটিং এর এজেন্ডা অনুসারে মিটিং শুরু করেন।
- মিটিংয়ে ১৭ জন উপস্থিত ছিলেন অনেকেই ব্যক্তিগত প্রয়োজন এবং পারিবারিক সমস্যার কারণে মিটিংয়ে অংশগ্রহণ করতে পারেনি।

**উপস্থিতির তালিকা**

০১. কাজী মোহাম্মদ রহমতউল্লাহ, সভাপতি

০২. মোঃ মাসুদ রেজা, সিনিয়র সহ সভাপতি

০৩. মোহাম্মদ জাফর, সহ সভাপতি

০৪.এ.টি.এম কামাল হোসেন, সহ সভাপতি

০৫. তানভীর মোরশেদ চৌধুরী, সহ সভাপতি

০৬. আসলাম পারভেজ মিঠু, মহাসচিব

০৭. মুফতি মোঃ ইসহাক, কোষাধ্যক্ষ

০৮. মোঃ মনির হোসেন, সহ কোষাধ্যক্ষ

০৯. মোঃ এমদাদ-উল-হক, সাংগঠনিক সচিব

১০. মোঃ ইসহাক, সহ সাংগঠনিক সচিব

১১. সোহেল সিকদার জুম্মন, দপ্তর ও পাঠাগার সচিব

১২. মোঃ আজিজুল হক, সহ ক্রীড়া সচিব

১৩. মোঃ সাজ্জাদ কবীর অমি, সহ সাহিত্য ও প্রকাশনা সচিব

১৪. মিজানুর রহমান আপেল খান, প্রচার ও জনসংযোগ সচিব

১৫. মোঃ তারিক সিরাজ, সাংস্কৃতিক সচিব

১৬. মোঃ জহিরুল ইসলাম, সমাজ কল্যান সচিব

১৭. মোহাম্মদ সফিকুল ইসলাম, নির্বাহী সদস্য

# একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

**০১. আসলাম পারভেজ মিঠু, মহাসচিবঃ** একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে কারো কোন পরিকল্পনা বা কোন দিকনির্দেশনা থাকে তা বলার জন্য অনুরোধ করেন।

**০২. তানভির মোরশেদ চৌধুরী, সহ সভাপতি**

- অনুষ্ঠানটি জাঁকজমক করা উচিত।
- আন্তর্জাতিক মাতৃভাষা উপলক্ষে গান বাজনার ব্যবস্থা করা উচিত।
- স্কুলের ছাত্রদের নিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা তাৎপর্য বিষয়ের উপর প্রতিযোগিতা করা যেতে পারে।

**০৩. তারিক সিরাজ, সাংস্কৃতিক সচিব**

- গত বছরের ন্যায় অনুষ্ঠানকে সুন্দর ভাবে করা উচিত।
- গতবছরের ভুলগুলো সংশোধন করা উচিত।
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস সম্পর্কে অষ্টম নবম দশম শ্রেণীর ছাত্রদের নিয়ে প্রবন্ধ প্রতিযোগিতা করা উচিত যেতে পারে।
- অনুষ্ঠান সম্পর্কে প্রধান শিক্ষককে অবগত করা যেতে পারে।

**০৪. মনির হোসেন, সহ কোষাধ্যক্ষ**

- একুশে ফেব্রুয়ারির অনুষ্ঠানটি জাঁকজমকভাবে আয়োজন না করে, বরং ১৫০ বছর পূর্তি উপলক্ষে যে ঘাটতি হয়েছে, তা পূরণ ও সকলের দেনা পরিশোধের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণের জোরালো আহ্বান জানান।

**০৫. এ. টি. এম. কামাল, সহ সভাপতি**

- একুশে ফেব্রুয়ারি অনুষ্ঠান সঠিকভাবে সম্পন্ন করার জন্য সাংস্কৃতিক সচিব কে আহ্বায়ক হয়ে কয়েক সদস্যের একটি কমিটি করে এই অনুষ্ঠানটি কিভাবে সম্পন্ন করা যায় তার একটি পরিকল্পনা প্রস্তুত করে মহাসচিরে কাছে উপস্থাপন করা উচিত।
- মহাসচিব সভাপতির সাথে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

# ইফতার ও যাকাত

**০১. আসলাম পারভেজ মিঠু, মহাসচিব**

- ইফতার ও যাকাত সর্ম্পকে কারো কোন পরিকল্পনা বা কোন দিকনির্দেশনা থাকে তা বলার জন্য অনুরোধ করেন।

**০২. তানভির মোরশেদ চৌধুরী, সহ সভাপতি**

- গতবারের মতো ইফতারি ও যাকাতের ব্যবস্থা করা উচিত।

**০৩. জহিরুল ইসলাম বাবু, সমাজ কল্যান সচিব**

- শেষ রোজার দিকে ইফতারি ও যাকাতের ব্যবস্থা করা উচিত, কারণ অনেকেই খতম তারাবির নামাজ পড়েন। সাধারণত খতম তারাবি শেষ রোজার দিকেই সম্পন্ন হয়। ফলে তাদের সকলের উপস্থিত হতে অসুবিধা হবে না।

**০৪. এ. টি. এম. কামাল, সহ সভাপতি**

- জহিরুল ইসলাম বাবুর এই বিষয়ে প্রয়োজনীয় পদক্ষে গ্রহন করার জন্য অনুরোধ করেন।

**০৫. আসলাম পারভেজ মিঠু, মহাসচিব**

- সমাজ কল্যান সচিব জহিরুল ইসলাম বাবু কে আহ্বায়ক হয়ে কয়েক সদস্যের কমিটি করে ইফতার যাকাত প্রদান জন্য পরিকল্পনা, সময়সূচি, বাজেট করে তা মহাসচিব আসলাম পারভেজ মিঠু কাছে প্রতিবেদন জমা দেওয়া জন্য অনুরোধ করেন।

**০৬. এ. টি. এম কামাল, সহ সভাপতি**

- ১৫০ বছর পূতির উৎযাপন আয় ব্যয় ও ঘাটতি ডোনেশন/ লাইফ মেম্বার অর্থ সংগ্রহ করে তা কার্যনির্বাহী সভার সকলে সম্মতি ক্রমে পাশ করা উচিত। যেন ভবিষ্যতে আইনত জটিলতা এড়ানো যায়।
- সভাপতিকে উদ্দেশ্য করে বলেন আমাদের অ্যালামনাই এসোসিয়েশন এর গঠনতন্ত্র কমিটির ৪১ জন সদস্য কে প্রিন্ট করে দেওয়ার জন্য অনুরোধ করেন। যেন সকল সদস্যদের তাদের দায়িত্ব সম্পর্কে অবগত থাকেন।
- অডিট কম্পানী থেকে তিন টি কোটেশন নিয়ে এবং কম্পানি সর্ম্পকে যাচাই বাছাই করে, যে কম্পানি কম খরচে করবে তার মাধ্যমে অডিট করার জন্য প্রস্তাব করা হয়।

**০৭. এমদাদ উল হক শাহারিয়ার. সাংগঠনিক সচিব**

- ১৫০ বছর পূতির উৎযাপন আয় ব্যয় ও ঘাটতি পূরণের জন্য অবশ্যই পদক্ষেপ গ্রহণ করা উচিত এবং এ টি এম কামাল সহ সভাপতির  বক্তব্যের সাথে একমত পোষণ করেন।
-

**০৮. আজিজুর হক রাজু, সহ ক্রীড়া সচিব**

- ১৫০ বছর পূতির উৎযাপন আয় ব্যয় ও ঘাটতি ডোনেশন/ লাইফ মেম্বার অর্থ সংগ্রহ করে তা কার্যনির্বাহী সভার সকলে সম্মতি ক্রমে পাশ করে তা সাধারণ সভা উপস্থাপন করার কথা বলেন।
- অডিটের বিষয়ে যেসকল দিকনির্দেশনা এ টি এম কামাল ভাই দিয়েছে তার বক্তব্যের সাথে একমত পোষন করেন।

**০৯. মিজানুর রহমান আপেল, প্রচার ও জনসংযোগ সচিব**

- তার দায়িত্ব পালনের জন্য সকলের কাছে সহযোগিতা কামনা করেন।
- এসোসিয়েশনের প্রচার ও জনসংযোগের সকল প্রকার কাজে করতে নিজেকে প্রস্তুত রাখবেন।

## মহাসচিবে বক্তব্য

- প্রথমেই এ. টি. এম. কামাল সহ সভাপতির দৃষ্টি আর্কষন করে বলেন গত ৬ষ্ঠ কার্যনির্বাহী সভায় ১৫০ বছর পূতির আয় ব্যয় এবং ঘাটতির হিসাব উপস্থাপন করা হয়। সভায় সিদ্ধান্ত গ্রহন করা হয় ডোনেশন ও লাইফ মেম্বারের অর্থে ১৫০ বছর পূতির অনুষ্ঠানের ঘাটতি পূরণ করা হবে।
- মহাসচিবের আর কোন বক্তব্য না থাকায়ে সভাপতিকে সিদ্ধান্ত ও সমাপনী বক্তব্য দেওয়ার জন্য অনুরোধ করেন।

## সভাপতির বক্তব্য এবং সিদ্ধান্ত

- প্রথমেই কর্মব্যস্ততার মাঝেও Zoom Meeting-এ উপস্থিত থাকার জন্য সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাই।
- যারা উপস্থিত হতে পারেনি আসা করেন আগামী সভা গুলোতে উপস্থিত থাকবেন।
- ২১ ফেব্রুয়ারি উপলক্ষে সাংস্কৃতিক সচিব তারিক সিরাজকে উদ্দেশ্য করে বলেন ২১শে ফেব্রুয়ারি অনুষ্ঠানের ব্যানার তৈরি করে, ফুলের তোড়ার ব্যবস্থা করা, সময়সূচী তৈরী করা, স্কুলে কোন প্রতিযোগিতা হলে তার জন্য পুরস্কার এর ব্যবস্থা করা সহ যা যা পরিকল্পনা তা এক দুই দিনের মধ্যে মহাসচিব এর কাছে তার প্রতিবেদন উপস্থাপন করার জন্য বলেন।
- সকলকে সাদা পাঞ্জাবি পাজামা পরে আসার জন্য অনুরোধ করেন।
- ইফতার ও যাকাত প্রদানে সিদ্ধান্ত গ্রহন করা হয় এবং সমাজ কল্যান সচিব জহিরুল ইসলাম বাবু কে উদ্দেশ্য করে বলেন ইফতার ও যাকাতের প্রোগ্রাম ২৭ রমজানের পরে করা এবং সমাজ কল্যান সচিব জহিরুল ইসলাম বাবু কে আহ্বায়ক হয়ে কয়েক সদস্যের কমিটি করে ইফতার এবং যাকাত প্রদান জন্য পরিকল্পনা, সময়সূচি, বাজেট করে তা মহাসচিব আসলাম পারভেজ মিঠুর কাছে প্রতিবেদন জমা দেওয়া জন্য অনুরোধ করেন।
- ১৫০ বছর পূর্তির আয়-ব্যয়ের হিসাব এবং ঘাটতির বিবরণ সম্পূর্ণ করে, আগামী ২২শে ফেব্রুয়ারি রোজ শনিবার সন্ধ্যা ৭টায় স্কুলের ১০৪ নম্বর কক্ষে কার্যনির্বাহী সভায় উপস্থাপন করতে হবে। সভায় সকলের সম্মতিক্রমে অনুমোদন শেষে এটি পরবর্তী সাধারণ সভায় উপস্থাপন করা হবে।

- ১৫০ বছর পূর্তি আয়-ব্যয়র হিসাব এবং ঘাটতি বিবরণ সম্পূন করে এবং অডিট কম্পানি থেকে কোটেশন গ্রহন করে চুড়ান্ত অডিট কম্পানি কে সিলেক্ট করে পরবর্তি কার্যনির্বাহী সভার মিটিং এ অডিট কম্পানিকে চুড়ান্ত করা হবে।
- সর্বশেষ সবাই কে অনলাইন জুম মিটিং এ উপস্থিত থেকে মূল্যবান মতামত দিয়ে সহযোগিতা এবং সিদ্ধান গ্রহনের জন্য ধন্যবাদ দিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

K.M. Rahmatullah

কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
সভাপতি
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

আসলাম পারভেজ মিঠু
মহাসচিব
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল